# ইস'রায়েল-ইরানকে যুদ্ধবিরতির আহ্বান জাতিসংঘ মহাসচিবের




জাতিসংঘ মহাসচিব: সংগৃহীত

ইসরায়েল-ইরান যুদ্ধে 'তাৎক্ষণিক' যুদ্ধবিরতির আহ্বান জানিয়েছেন জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস। এ সময় তিনি সংঘাতের বিষয়ে গভীর উদ্বেগ এবং তাৎক্ষণিক উত্তেজনা হ্রাস করে যুদ্ধবিরতির কথা বলেন।আন্তর্জাতিক সম্প্রদায়কেও এগিয়ে আসার আহ্বান জানান

গতকাল বুধবার (১৮ জুন) মহাসচিবের মুখপাত্র স্টিফেন ডুজারিক কর্তৃক পঠিত এক বিবৃতিতে, গুতেরেস উভয় দেশকে সংযম ও কূটনীতির মাধ্যমে সমাধানের আহ্বান জানিয়েছেন এবং যেকোনো "অতিরিক্ত সামরিক হস্তক্ষেপের" বিরুদ্ধে সতর্ক করেছেন।

ইসরায়েল-ইরান সংঘাত এখনো সপ্তম দিনের মতো চলছে। আজ বৃহস্পতিবার (১৯ জুন) ওয়াশিংটনভিত্তিক গোষ্ঠী হিউম্যান রাইটস অ্যাক্টিভিস্টস জানিয়েছে, গত কয়েকদিনের সংঘাতে এখন পর্যন্ত ইরানে কমপক্ষে ৬৩৯ জন নিহত ও এক হাজার ৩২৯ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে ২৬৩ জন বেসামরিক নাগরিক ও ১৫৪ জন নিরাপত্তা বাহিনীর সদস্য রয়েছেন।

সূত্র : আল জাজিরা

LENS ASIA